দৈনিক বাংলা

তারিখ ... 16 JUL 1990
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 6 ...

# কুমিল্লা বোর্ডের ইংরেজী প্রশ্নপত্র ফাঁস

।। নিজস্ব সংবাদদাতা ।।

মাইজদী, ১৫ই জুলাই।–এখানে কুমিল্লা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ইংরেজী ১ম পত্র ও ২য় পত্রের প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ঘটেছে।

শনিবার দিনে ও রাতে চৌমুহনী মাইজদী কোর্টসহ নোয়াখালীর বিভিন্ন স্থানে ফটোষ্ট্যাট করা ও হাতে লেখা ইংরেজী প্রশ্ন চড়া দামে বিক্রি হয়। আজ পরীক্ষার হলে বিলি করা ইংরেজী ১ম পত্র ও ইংরেজী ২য় পত্রের প্রশ্নের সংগে ফাঁস হওয়া প্রশ্নপত্রের হুবহু মিল পাওয়া গেছে।

জেলার এসপি পরীক্ষার প্রশ্ন ফাঁস

## কুমিল্লা বোর্ডের

(প্রথম পৃঃ পর)

হওয়ার ঘটনার সত্যতা স্বীকার করেছেন। উচ্চ মাধ্যমিক পরীক্ষার বাকী বিষয়গুলোর প্রশ্নপত্রও ফাঁস হয়ে গেছে বলে এলাকায় গুজব ছড়িয়ে পড়েছে। প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় এলাকার অভিভাবকদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।

উল্লেখ্য মাইজদীতে এর আগে এসএসসি পরীক্ষার প্রশ্নও ফাঁস হয়েছিল।

85